

স্মারক নং- ১৩.০৪.১০৮৮.০০০.৪৫.০২২.২০.৯১৪

তারিখ: ২৬/০৯/২০২১ খ্রি:।

জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা শেরপুর উপজেলার লাইসেন্সধারী সম্মানিত চালকল মালিকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আমন সংগ্রহ/২০২১-২২ মৌসুমের জন্য মিল সার্ভের কাজ চলছে। আপনার অটোমেটিক চালকলটি তাৎক্ষণিকভাবে চাল প্রস্তুতযোগ্য কি না এবং হাসকিং মিলের ক্ষেত্রে ভৌত অবকাঠামো (বিদ্যুৎ সংযোগ, মটর, চাতাল, হাউজ, গুদাম, বয়লার, চিমনি) জনিত কোন প্রকার ত্রুটি থাকলে তা আগামী ০৭/১০/২০২১ খ্রি: তারিখের মধ্যে মেরামত করে তাৎক্ষণিকভাবে চাল প্রস্তুতযোগ্য করতঃ নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। সার্ভেকালীন সময়ে আপনাকে উপস্থিত থেকে হালনাগাদ বিদ্যুৎ বিলের মূলকপি প্রদর্শন করে, ফটোকপি সার্ভে টিমকে প্রদান করতঃ সর্বাঙ্গিক সহযোগিতা করার জন্যও অনুরোধ করা হলো।

খাদ্য অধিদপ্তর, ঢাকা'র ২৩/০৯/২০২১ খ্রি: তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৫.৪০০.২১.৩০৯১(৮) নং স্মারক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী বিভাগ, রাজশাহী এর ২৩/০৯/২০২১ খ্রি: তারিখের ১৩.০১.০০০০.২২৫.১৬.০০২.২১.৪৫৭৫(১৩) নং স্মারক এবং জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বগুড়া এর ২৩/০৯/২০২১ খ্রি: তারিখের ১৩.০৪.১০০০.০০৮.৪৫.০০৩.২১.৫১৭২ নং স্মারকে বগুড়া জেলার সকল উপজেলার আমন সংগ্রহ/২০২১-২২ মৌসুমে চালকলের ছাঁটাই ক্ষমতার তথ্য প্রদানের জন্য পত্র জারী করা হয়েছে। খাদ্য অধিদপ্তরের ২১/০৮/২০১৯ খ্রি: তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৫.০৮৩.১৯.১২ নং স্মারক ও ২৪/০৯/২০১৯ খ্রি: তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৫.১৬৯.১৯.১০৮৫(৬৪) নং স্মারকে জারীকৃত পত্র অনুসরণপূর্বক অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা'২০১৭-এ বর্ণিত পরিপত্র মোতাবেক শুধুমাত্র বৈধ লাইসেন্সধারী পূর্ণাঙ্গ অবকাঠামোসহ সচল চালকলের পাক্ষিক ছাঁটাই ক্ষমতার তথ্য হাসকিং মিলের ক্ষেত্রে মিলভিত্তিক অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা'২০১৭ তে উল্লিখিত চালকলের ছাঁটাই ক্ষমতা নির্ণয় ফরম মোতাবেক ফরম পূরণ পূর্বক এবং অটোমেটিক রাইস মিলের ক্ষেত্রে পূর্বের নির্ধারিত কমিটি কর্তৃক নির্ধারিত পাক্ষিক ছাঁটাই ক্ষমতা ফরম মোতাবেক উপজেলার মিল সমূহের পূরণকৃত ও স্বাক্ষরিত ছাঁটাই ফরম এবং পরিবেশ অধিদপ্তর কর্তৃক জারীকৃত সনদসহ উপজেলা চালকলের পাক্ষিক ছাঁটাই ক্ষমতার প্রতিবেদন জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বগুড়াতে প্রেরণ করা হবে। কোন অবস্থাতেই খাদ্য অধিদপ্তরের ২১/০৮/২০১৯ খ্রি: তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৫.০৮৩.১৯.১২ নং স্মারক ও ২৪/০৯/২০১৯ খ্রি: তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৫.১৬৯.১৯.১০৮৫(৬৪) নং স্মারকে জারীকৃত পত্রের নির্দেশনা ও অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা'২০১৭ এবং আমন সংগ্রহ/২০২১-২২ মৌসুমে চাল সংগ্রহের লক্ষ্যে জারীকৃত আদেশ, নির্দেশ ও পরিপত্রের ব্যত্যয় ঘটিয়ে ভৌত অবকাঠামোবিহীন, বৈধ লাইসেন্সবিহীন, অচল, বন্ধ, উৎপাদন সক্ষমহীন, চুক্তির অযোগ্য, বাস্তব ছাঁটাই ক্ষমতার অধিক, বিদ্যুৎ সংযোগবিহীন ও ডিজেল ইঞ্জিন চালিত চালকলের পাক্ষিক ছাঁটাই ক্ষমতার তথ্য প্রেরণ করা হবে না।

উল্লেখ্য, ইতোপূর্বে যে সকল মিলের ভৌত অবকাঠামো ত্রুটির কারণে চুক্তিবদ্ধ হতে পারেননি, সে সকল মিল যদি ইতোমধ্যে ত্রুটিমুক্ত করে চুক্তিযোগ্য ও সচল করে থাকেন তাহলে তাদেরকে আগামী ০৭/১০/২০২১ খ্রি: তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। আরও উল্লেখ্য, মিল সার্ভে বিষয়ে বা অন্য কোন বিষয়ে কোন ব্যক্তি/ব্যক্তিবর্গের কোন আপত্তি বা পরামর্শ থাকলে এবং কোন মিল সার্ভে থেকে বাদ পড়লে তাও আগামী ১০/১০/২০২১ খ্রি: তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানানোর জন্য অনুরোধ করা হলো।


(মোঃ মনিরুল হক)

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (অ.দা.)

শেরপুর, বগুড়া।
তারিখ: ২৬/০৯/২০২১ খ্রি:।

স্মারক নং- ১৩.০৪.১০৮৮.০০০.৪৫.০২২.২০.৯১৪(৯)

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে।

- ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, বগুড়া।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর, বগুড়া।
- ৪। জনাব মোঃ আতিকুর রহমান, খাদ্য পরিদর্শক, সংযুক্তিতে- অত্র দপ্তর।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, শেরপুর/মির্জাপুর এলএসডি, শেরপুর, বগুড়া।
- ৬। সভাপতি/সাধারণ সম্পাদক, শেরপুর থানা চালকল মালিক সমিতি, শেরপুর, বগুড়া।
- ৭। সভাপতি/সাধারণ সম্পাদক, উপজেলা সেমি অটো চালকল মালিক সমিতি, শেরপুর, বগুড়া।
- ৮। জনাব প্রোঃ মেসার্স চালকল, বগুড়া।
- ৯। দপ্তর নথি।


উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

শেরপুর, বগুড়া।
তারিখ: ২৬/০৯/২০২১